7122

D-6586/12

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

A 433265

থানা - বারুইপুর, মৌজা - বারুইপুর,

জমি - ৮০০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া

গৃহাদি সহ সমানুপাতিক জমি।

মূল্য - ১২,৭৭,০০০.০০ টাকা।

<u>নিঃস্বত্ত্ব সাফ বিক্রয় কোবালা :-</u>

Certified that the document is admitted to registration. The Signature sheet and the endorsement sheets attached with this document are the part of this document.

Addl. District Sub-Registrar
Baruipur, South 24 Parganas
20 JUN 2012

*১) শ্রীমতী বেনুকা দত্ত*
*২) শ্রী প্রদীপ কুমার দত্ত*
*নিজে দাতা ও দাতার পক্ষে*
*নিযুক্ত আমমোক্তার ও*
*স্বাক্ষর :-*

<u>কোবালা গ্রহীতা :-</u>

১) শ্রী মলয় দত্ত, পিতা মৃত শুভাংশু কুমার দত্ত,

২) কুমারী মৃত্তিকা দত্ত, পিতা [illegible] দত্ত,

সর্ব্বজাতি - হিন্দু, পেশা - অবসরপ্রাপ্ত ও অধ্যয়ন,

সর্ব্ব সাং - গীরিজা ভবন, বারুইপুর মাষ্টারপাড়া,

পোঃ ও থানা - বারুইপুর, জেলা - দক্ষিণ ২৪ পরগণা।

পরের পাতা- ২

১) শ্রীমতী রেনুকা দত্ত
২) শ্রী প্রদীপ কুমার দত্ত
উক্ত দাত্রী ও দাতার পক্ষে
নিযুক্ত আমমোক্তার ও
স্বয়ং ঃ-

উক্ত সুশান্ত কুমার দত্ত মহাশয়ের ওয়ারিশানগণের উক্ত জমিজমা গৃহাদিতে এজমাল দখলের অসুবিধার কারণে উক্ত নিহার কনা দত্ত (১ নং বাদিনী) মলয় দত্ত, (২ নং বাদি) সমীর কুমার দত্ত, (৩নং বাদি) সুবীর কুমার দত্ত ( ৪ নং বাদী) এবং ৫ হইতে ৭ নং বাদিরুপে শ্রীমতী রেনুকনা দত্ত সুদীপ কুমার দত্ত এবং প্রদীপ কুমার দত্ত, বারুইপুরের সিভিল জজ (সিঃ ডিঃ) আদালতে পার্টিশানের নিমিত্তে বিজয় কুমার দত্তের বিরুদ্ধে ২০০৩ সালের ২৫ নং দেওয়ানী (পার্টিশান) মোকর্দ্দমা আনায়ন করেন। উক্ত বিজয় কুমার দত্ত পরলোকগমন করিলে তাহার ওয়ারিশান যথাক্রমে বীনা দত্ত, দেবাশীষ দত্ত, শান্তা দত্ত ও তিস্তা দত্ত ১(এ) হইতে ১ (ডি) রূপে সাবসিটিউট হইয়া উক্ত মোকদ্দমা কনটেস্ট করিতে থাকেন। পরবর্তীকালে উক্ত মোকদ্দমা পক্ষগণ আপোষ মীমাংসা করিয়া মহামান্য আদালতে আপোষ মীমাংসার দরখাস্ত দাখিল করেন মহামান্য আদালত উক্ত মোকদ্দমা মহামান্য বারুইপুরের লোক আদালতে শুনানীর জন্য প্রেরন করেন এবং গত ইংরাজী ০৪/০৪/২০০৭ তারিখে আদেশ নম্বর ২৯ মহামান্য লোক আদালত উক্ত মোকদ্দমা শুনানীর জন্য গ্রহণ করেন এবং মহামান্য লোক আদালত শুনানী অন্তে উক্ত আপোষ মীমাংসা দরখাস্ত গ্রহন করেন এবং ০৪/০৪/২০০৭ তারিখে ডিক্রী প্রদান করেন এবং উক্ত আপোষ মীমাংসা দরখাস্তের সহিত গ্রথিত নকসা উক্ত কম্প্রোমাইজ ডিক্রীর একাংশ হইবে বলিয়া ঘোষনা করেন। উক্ত আপোষ মীমাংসা বা কমপ্রোমাইজ দরখাস্তের বা ডিক্রির ইংরাজী 'সি' তপশীল বর্ণিত সম্পত্তি জমিজমা মায় গৃহাদি যাহা উক্ত কমপ্রোমাইজ দরখাস্ত বা ডিক্রির একাংশ স্বরূপ নকসায় কালো রঙয়ের দ্বারা সীমা অঙ্কিত সম্পত্তি জমিজমা গৃহাদি অত্র দাতাগণ নিব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হয়েন। উক্ত রূপে অত্র দাতাগণ আমরা অত্র বিক্রীত জমিজমা গৃহাদি প্রাপ্ত হইয়া খাসে ভোগবান ও দখলিকার আছি।

পরের পাতা- ৫

১) শ্রীমতী রেনুকা দত্ত
২) শ্রী প্রদীপ কুমার দত্ত
উক্ত দাত্রী ও দাতার পক্ষে
নিযুক্ত আমমোক্তার ও
স্বয়ং :-

<u>কোবালা দাতা ঃ-</u>

১) শ্রীমতী রেনুকা দত্ত, স্বামী মৃত সুদেব কুমার দত্ত,

২) শ্রী প্রদীপ কুমার দত্ত, পিতা মৃত সুদেব কুমার দত্ত,
সর্ব্ব জাতি - হিন্দু, পেশা - ১ নং গৃহকার্য্য, ২ নং ব্যবসা,
সর্ব্ব সাং - গীরিজা ভবন, বারুইপুর মাষ্টারপাড়া,
পোঃ ও থানা - বারুইপুর, জেলা - দক্ষিণ ২৪ পরগণা।

উক্ত দাত্রী ও দাতার পক্ষে বিগত ইংরাজী ২৬/০৪/২০১২ তারিখে বারুইপুর এ.ডি. সাবরেজিষ্ট্রী অফিসে সম্পাদিত ও ইংরাজী ৩০/০৪/২০১২ তারিখে উক্ত অফিসে রেজিষ্ট্রীকৃত বুক নং - ৪, সি.ডি. ভল্যুম নং - ২, পাতা ৯৪৬ হইতে ৯৫২ নং পাতায় নকল লিপিবদ্ধ ০০৫৮৬ নং আমমোক্তার নামা দলিল মূলে নিযুক্ত আমমোক্তার ও স্বয়ং -

শ্রী সুদীপ কুমার দত্ত, পিতা মৃত সুদেব কুমার দত্ত,
জাতি - হিন্দু, পেশা - চাকুরী,
সাং - গীরিজা ভবন, বারুইপুর মাষ্টারপাড়া,
পোঃ ও থানা - বারুইপুর, জেলা - দক্ষিণ ২৪ পরগণা।

কস্য অত্র কোবালা দাতাগণ আমাদিগের ওয়ারিশান সূত্রে প্রাপ্ত ও তৎপর বন্টন সূত্রে প্রাপ্ত খাস দখলীয় রায়ত স্থিতিবান স্বত্ব বিশিষ্ট হস্তান্তরযোগ্যের বাস্তু জমিজমা মায় গৃহাদি সাজ পাঠ মায় সকল প্রকার ইজমেন্ট স্বত্বাদি সহ বিনা কোন নিয়মে নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ-

পরের পাতা- ৩

১) শ্রীমতী রেনুকা দত্ত
২) শ্রী প্রদীপ কুমার দত্ত
উক্ত দাত্রী ও দাতার পক্ষে
নিযুক্ত আমমোক্তার ও
স্বাক্ষর:

জেলা দক্ষিণ ২৪ পরগনা, থানা ও এ্যাঃ ডিঃ সাবরেজিষ্ট্রী অফিস বারুইপুর এলাকাধীন জে. এল. নং - ৩১, মৌজা - বারুইপুর গ্রামে আর. এস. জরিপের ৫৪৩৮ নং খতিয়ান ভুক্ত, আর. এস. ৯৬৪/১৬০৮৪ নং দাগে বাস্তু ১২ শতক জমির উপরিস্থিত দ্বিতল গৃহাদির দ্বিতলে পশ্চিমাংশে ৮০০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া গৃহাদি মায় উক্ত ১২ শতক জমির অবিভক্ত সমানুপাতিক হারে জমিজমা যাহা নিম্ন 'ক' তপশীল বিশেষ রূপে বর্ণিত সম্পত্তি মায় নিম্ন 'খ' তপশীল বর্ণিত সকল প্রকার সুবিধা ও ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র দলিলের অন্তর্গত সম্পত্তি হইতেছে।

প্রকাশ থাকে যে, অত্র বিক্রীত সম্পত্তি জমিজমা সহ অন্যান্য জমিজমা পূর্বে অধুনা মৃত সুশান্ত কুমার দত্ত মহাশয়ের খাস দখলীয় সম্পত্তি থাকে এবং তাহার নাম বরাবর আর. এস. জরিপের ৫৪৩৮ নং খতিয়ানে শুদ্ধ ভাবে রেকর্ড হইয়া ফাইন্যালি পাবলিশড হয়। উক্ত সুশান্ত কুমার দত্ত তাহার খাস দখলিয় আর. এস. জরিপের ৯৬৪/১৬০৮৪ নং দাগে বাস্তু ১২ শতক, ৯৬৮ নং দাগে বাস্তু ১৫ শতক এবং ৯৬৭ নং দাগে ডোবা ০৬ শতক, মোট ৩৩ শতক জমিজমায় দখলিকার থাকাকালিন উক্ত জমিজমায় একটি দ্বিতল এবং একটি ত্রিতল গৃহাদি নির্মাণ করিয়া খাসে দখলিকার থাকাকালিন পরলোকগমন করিলে তাহার ত্যাক্ত জমিজমা তাহার এক স্ত্রী শ্রীমতী নিহার কনা দত্ত, পাঁচ পুত্রের মধ্যে জীবিত চার পুত্র যথাক্রমে বিজয় কুমার দত্ত, শ্রী মলয় কুমার দত্ত, শ্রী সুবীর কুমার দত্ত অধুনা মৃত বিজয় কুমার দত্ত এবং তাহার অপর মৃত পুত্র সুদেব কুমার দত্তের এক স্ত্রী শ্রীমতী রেনুকা দত্ত ও দুই পুত্র যথাক্রমে শ্রী প্রদীপ দত্ত এবং সুদীপ দত্ত দিগর বর্তমান হিন্দু সাকশেসান এ্যাক্ট অনুযায়ী তাহার ওয়ারিশান বিধায় প্রাপ্ত হয়েন। উক্ত রূপে অত্র কোবালা দাতাগণ উক্ত মৃত সুশান্ত কুমার দত্ত, মহাশয়ের পুত্রবধূ ও নাতি বিধায় তাহার ত্যাক্ত জমিজমায় এজমালে যৌথ ভাবে ১/৫ অংশ প্রাপ্ত হয়েন। আরও প্রকাশ থাকে যে, উক্ত সুশান্ত কুমার দত্ত, চতুর্থ পুত্র শ্রী সুবীর কুমার দত্ত সমস্ত দায় মুক্ত হয়ে, কোন অংশ গ্রহণ করেন নাই। আদালতে তাহা দাখিল করেন এবং তাহা গৃহিত হয়।

পরের পাতা- ৪

১) শ্রীমতী রেনুকা দত্ত
২) শ্রী প্রদীপ কুমার দত্ত
উক্ত দাত্রী ও দাতার পক্ষে
নিযুক্ত আমমোক্তার ও
স্বয়ং:-

এক্ষনে আমাদের অন্যান্য নানাবিধ বৈধ্য আর্থিক সঙ্গত কারনে নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় নিম্ন তপশীল বর্ণিত আমাদের জমিজমা মায় গৃহাদি বিক্রয় করিবার ঘোষণা করিলে বর্তমান বাজার পরাপর উচিৎ মূল্য গর্ভনমেন্টের চলিত মোক্তা মূল্য ১২,৭৭,০০০.০০ বারো লক্ষ সাতাত্তর হাজার টাকা পন গ্রহনে লইতে সম্মত হওয়ায় আমরা অদ্য আপনাদেরকে অত্র কোবালা লিখিয়া দিয়া এবং বিক্রীত সম্পত্তিতে খাস দখল দিয়া এতদ্বারা স্বীকার অঙ্গীকার করিতেছি যে, বিক্রীত নিম্ম তপশীল বর্ণিত সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ত্ব স্বামিত্ব লভ্য হক্‌হকিয়ত ছিল বা আছে তাহা লোপ ও রহিত হইয়া আপনাদের অনুকূলে বর্তাইল।

আপনারা অদ্য হইতে বিক্রীত সম্পত্তির খাস দখল গ্রহনে যাবতীয় নিব্যূঢ় স্বত্ত্বে নির্দায় ও নির্দোষ অবস্থায় স্বত্ত্ববান ও দখলিকার হইয়া পুত্র পৌত্রাদি ওয়ারিশান স্থলাভিষিক্তগণক্রমে মালিক সরকারে নিজ নাম পত্তনে খাজনাদি সরবরাহ করত, দাখিলা প্রাপ্তে দান বিক্রয় বন্ধকাদি যাবতীয় হস্তান্তর ক্ষমতা যুক্তে পরমসুখে ভোগদখল করিতে থাকুন। তাহাতে আমরা বা আমাদের ওয়ারিশানগণক্রমে কোন রূপ ওজর আপত্তি চলিবে না, করিলেও তাহা সর্বত্র সর্ব্বআদালতে বাতিল ও নামঞ্জুর হইবে।

প্রকাশ থাকে যে বিক্রীত সম্পত্তি ইতি পূর্বে কাহাকেও দান, বিক্রয়, বন্ধকাদির দ্বারা কোনরূপ হস্তান্তর বা দায়যুক্ত করি নাই। কোন মোকর্দ্দমা বা বায়না জড়িত নাই, কোন ইনজাংশান বা ক্রোক আবদ্ধ অবস্থায় নাই। কোন এ্যাকুইজিশান ভুক্ত নহে, সম্পূর্ণ নির্দ্দায় নির্দোষ অবস্থায় উহা আমাদের খাস দখলে ছিল বা আছে এবং তদ্ অবস্থায় উহার দখল আপনাদেরকে দিলাম।

পরের পাতা-৬

১) শ্রীমতী রেনুকা দত্ত
২) শ্রী প্রদীপ কুমার দত্ত
উক্ত দাতা ও দাতার পক্ষে
নিযুক্ত আমমোক্তার ও
স্বাঃ :-

আরও প্রকাশ থাকে যে, আমাদের উপরোক্ত উক্তি নির্ভর করিয়া আপনারা এই খরিদ কার্য্য সম্পন্ন করিলেন, যদি ভবিষ্যতে উল্লিখিত স্বত্তের বিঘ্ন বা হানি ঘটে তাহা হইলে মাফিক আইন আমলে আসিব বা আমরা প্রয়োজন বোধে সংশোধন দলিলাদি করিয়া দিতে অথবা খেসারতাদি পুরন করিতে ওয়ারিশান ও গণক্রমে বাধ্য রহিলাম।

এতদর্থে সুস্থ শরীরে সরল অন্তকরণে স্বেচ্ছায় অন্যের বিনা অনুরোধে নিজ নিজ হিতার্থে পোন বাবদ নগদ ১২,৭৭,০০০.০০ টাকা বুঝিয়া পাইয়া এই নিঃস্বত্ত সাফ বিক্রয় কোবালা আপনার নাম বরাবর সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি সন ১৪১৯ সালের ২৯শে জ্যৈষ্ঠ, ইংরাজী ১২/০৬/২০১২ সাল।

## (ক) তপশীল বিক্রীত সম্পত্তি পরিচয় :-

জেলা দক্ষিণ ২৪ পরগনা, থানা ও এ্যাঃ ডিঃ সাবরেজিষ্ট্রী অফিস বারুইপুরের এলাকাধীন জে. এল. নং - ৩১, মৌজা - বারুইপুর গ্রামে রায়ত স্থিতিবান স্বত্ব বিশিষ্ট স্বত্বের জমিজমা মালিক পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে দক্ষিণ ২৪ পরগণা জেলা কালেক্টার বাহাদুরের অধীন ১২ শতক জমির অবিভক্ত সমানুপাতিক জমিজমার বাৎসরিক হারাহারি খাজনা ১ টাকা। জমা মূল্য - ১২,৭৭,০০০.০০ টাকা,

আর. এস. জরিপের ৫৪৩৮ নং খতিয়ান ভুক্ত।

পরের পাতা-৭

১) শ্রীমতী রেনুকা দত্ত
২) শ্রী প্রদীপ কুমার দত্ত
উক্ত দাতা ও দাতার পক্ষে
নিযুক্ত আমমোক্তার ও
স্বয়ং ঃ-

আর. এস. ৯৬৪/১৬০৮৪ নং দাগে বাস্তু ১২ শতক জমির মধ্যে বন্টন অযোগ্য অবিভক্ত সমানুপাতিক তলস্থ জমি মায় উক্ত জমির উপরিস্থিত দ্বিতল মেইন বিল্ডিংয়ের পশ্চিমাংশে দ্বিতলে ৭০০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া গৃহাদি মায় ১০০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া ব্যালকনি (বারান্দা) সহ সর্ব্বমোট ৮০০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া গৃহাদি মায় উক্ত গৃহাদি মায় উক্ত গৃহাদিতে যাতায়াত ৯' ফুট কমন প্যাসেজের ব্যবহারিক অধিকার মায় অন্যান্য সকল প্রকার ইজমেন্ট স্বত্বাদি সহ বিক্রীত সম্পত্তি হইতেছে। ১০ বৎসরের পুরাতন গৃহাদি। হোল্ডিং নং ২৬৭

## চৌহদ্দি ঃ-

উত্তরে - গিরিজা ভবনের এ্যানেক্সেস বিল্ডিং।
দক্ষিণে - রাস্তা (৭')
পূর্বে- হরেন্দ্র কুঠীর।
পশ্চিমে - রয়েল এ্যাপার্টমেন্ট।

## 'খ' তপশীল ইজমেন্ট স্বত্বাদির পরিচয় ঃ-

১) স্টেয়ার কেস ব্যবহারের অবাধ অধিকার।

২) স্টেয়ার কেস অবাধ যাতায়াত করিবার এবং অন্যান্য সকল কমন প্যাসেজের ব্যবহারের অবাধ অধিকার।

পরের পাতা-৮

১) শ্রীমতী রেনুকা দত্ত
২) শ্রী প্রদীপ কুমার দত্ত
উক্ত দাতা ও দাতার পক্ষে
নিযুক্ত আমমোক্তার ও
স্বয়ং ঃ-

৩) কমন বাথরুম, পায়খানা ও মলের ট্যাংক সেপটিকট্যাঙ্ক ব্যবহারের অবাধ অধিকার।

৪) কমন ড্রেনেজ ব্যবহারের অধিকার।

৫) ইলেকট্রিক লাইন ও মিটার (কমন স্পেজে) আনিবার ও বসাইবার অধিকার।

৬) অন্যান্য সকল প্রকার ইজমেন্ট স্বত্বাদি ও গৃহাদি মেরামত করিবার অধিকার।

৭) গৃহাদি সুষ্ঠ ভাবে ভোগদখল ও ব্যবহারের জন্য অন্যান্য সকল প্রকার।

বিক্রীত সম্পত্তি বারুইপুর পৌরসভার ১৩ নং ওয়ার্ডের অন্তভুক্ত।

মুসাবিদাকারক ঃ-

Advocate
Reg No F 184 of 1991.
Baruipur Civil Court

কম্পিউটার টাইপ কারক ঃ-


সাইবুল ঢালী, বারুইপুর

ইসাদি ঃ-

1) Tripti Datta
Girija Bhawan
Masterpara More

2) Manashi Datta
Girija Bhawan
Masterpara More
Madarat Road,
Baruipur,
24 Parganas (S)

দাতা



| | বৃদ্ধাঙ্গুল | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | |
| ডানহাত | | | | | |

নাম : Musitthika Datta স্বাক্ষর : Musitthika Datta

~~দাতা~~ / গ্রহীতা



| | বৃদ্ধাঙ্গুল | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | |
| ডানহাত | | | | | |

নাম : ............ স্বাক্ষর : Malay Datta

দাতা / ~~গ্রহীতা~~



| | বৃদ্ধাঙ্গুল | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | |
| ডানহাত | | | | | |

নাম : ............ স্বাক্ষর : [illegible] Datta

দাতা / গ্রহীতা

| | বৃদ্ধাঙ্গুল | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | |
| ডানহাত | | | | | |

নাম : ............ স্বাক্ষর : ............

## Government Of West Bengal
### Office Of the A.D.S.R. BARUIPUR
### District:-South 24-Parganas

**Endorsement For Deed Number : I - 06586 of 2012**
**(Serial No. 07122 of 2012)**

**Payment of Fees:**

**On 12/06/2012**

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 19.50 hrs on :12/06/2012, at the Private residence by Sudip Kr. Dutta ,Executant.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 12/06/2012 by

1. Sudip Kr. Dutta, son of Lt. Sudeb Kr. Dutta , Village:Girijabhaban, Thana:-Baruipur, P.O. :- ,District:-South 24-Parganas, WEST BENGAL, India, , By Caste Hindu, By Profession : Service

   Identified By Tripti Dutta, wife of Tridip Dutta, Village:Girija Bhaban, Thana:-Baruipur, P.O. :- ,District:-South 24-Parganas, WEST BENGAL, India, , By Caste: Hindu, By Profession: House wife.

**Executed by Attorney**

Execution by

1. Sudip Kr. Dutta, son of Lt. Sudeb Kr. Dutta , Village:Girijabhaban, Thana:-Baruipur, P.O. :- ,District:-South 24-Parganas, WEST BENGAL, India, By Caste Hindu By Profession: Service,as the constituted attorney of 1. Renuka Dutta 2. Pradip Kr. Dutta is admitted by him.

   Identified By Tripti Dutta, wife of Tridip Dutta, Village:Girija Bhaban, Thana:-Baruipur, P.O. :- ,District:-South 24-Parganas, WEST BENGAL, India, , By Caste: Hindu, By Profession: House wife.

( Panchali Munshi )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

**On 20/06/2012**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 23, 5 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.10/-

**Payment of Fees:**

Amount By Cash

Rs. 14043.00/-, on 20/06/2012

( Under Article : A(1) = 14036/- ,E = 7/- on 20/06/2012 )

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-12,77,000/-

( Panchali Munshi )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

20/06/2012 16:09:00

Government Of West Bengal
Office Of the A.D.S.R. BARUIPUR
District:-South 24-Parganas

**Endorsement For Deed Number : I - 06586 of 2012**
**(Serial No. 07122 of 2012)**

Certified that the required stamp duty of this document is Rs.- 76630 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-.

**Deficit stamp duty**

Deficit stamp duty

1. Rs. 40000/- is paid, by the draft number 129533, Draft Date 19/06/2012, Bank Name State Bank of India, KHASMALLICK, received on 20/06/2012
2. Rs. 31630/- is paid, by the draft number 129530, Draft Date 19/06/2012, Bank Name State Bank of India, KHASMALLICK, received on 20/06/2012

( Panchali Munshi )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

( Panchali Munshi )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

*rtificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 20
Page from 4986 to 4998
being No 06586 for the year 2012.

(Panchali Munshi) 26-June-2012
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
Office of the A.D.S.R. BARUIPUR
West Bengal